[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[

মেহেরপুরের ফ্রি স্বাথ্য সেবাই অনন্য অবদানে জি এম ট্রেড ইন্টারন্যাশনাল ও জারিফ কর্পোরেশন

মেহেরপুরের ফ্রি স্বাথ্য সেবাই অন্য অবদানে জি এম ট্রেড ইন্টারন্যাশনাল ও জারিফ কর্পোরেশন। চর্মরোগের বিশেষায়িত প্রসাধনী সামগ্রী আমদানি,বাজারজাত ও বিপনন কারক এই কো. জনগনের হাতে পৌছে দিলেন উন্নতমানের প্রসাধনি।

২১শে ফেব্রুয়ারির ফ্রি স্বাথ্য সেবাই রোগীদের দিলেন ২০ শতাংশ ছাড় এছাড়াও আকর্ষনীয় উপহার। বাংলাদেশের অন্যতম সুনামধন্য এই প্রতিষ্ঠান মেহেরপুরের মানুষের হাতে পৌছে দিতে পেরে তারাও আন্দদিত।

প্রতিষ্ঠানের মার্কেটিং অফিসার মোস্তাফিজুর রহমান বলেন, মেহেরপুরের প্রত্যন্ত অঞ্চলে এই ধরণের আয়োজন বিরল। এই আয়োজনের সাথে থাকতে পেরে আরমাও খুশি। ভবিষ্যতে মেহেরপুরের মানুষের হাতের নাগলে এই সামগ্রী পৌছে দেওয়ার জন্য আমরা সর্বচ্চ উদ্যোগ গ্রহন করবো।

এ সময় উপস্থিত ছিলেন, সহকারী সেলস ম্যানেরজার নিলুফা ইয়াসমিন তুলি, রিজিওনাল ম্যানেরজার সাইফুল ইসলাম, সিনিয়র এরিয়া ম্যানেজার হালিম খানসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা গন। এই আয়োজনের সার্বিক নেতৃত্বে ছিলেন প্রতিষ্ঠানের কর্নধার গিয়াস উদ্দিন জুলহাস।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে ৫ হাজার জন পেলো ফ্রি স্বাথ্য সেবা

মেহেরপুরে অনুষ্ঠিত হয়ে গেলো ফ্রি স্বাথ্য সেবা। শুক্রবার দিন ব্যাপী মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে এর আয়োজন করা হয়। দেশের সুনামধণ্য ৬৩ জন ডাক্তার এসেছিলেন মেহেরপুরের সাধারণ জনগনের চিকিৎসা সেবা দিতে।

এই আয়োজন করেছিলেন মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর গ্রামের সন্তান লে. কর্ণেল (অব) প্রফেসর ডা. আব্দুল ওয়াহাব। শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃ ভাষা দিবস উপলক্ষে প্রতি বছর এ আয়োজন করে থাকে আব্দুল ওয়াহাব। সাধারণ জনগনের দোর গোড়ায় ফ্রি চিকিৎসা সেবা পৌছে দিতে দশ বছর ধরে এই মহান কাজ করে আসছেন।

চর্ম, যৌন, নিউরো, মেডিসিন সহ বিভিন্ন রোগের বিশেষজ্ঞ ডাক্তাররা আলাদা আলাদা কক্ষে রোগী সেবা প্রদান করে। দুর দুরান্ত থেকে ছুটি আসা রোগীরা ফ্রি সেবা পেয়ে বেশ খুশি। এই ধরণের আয়োজনকে সাধুবাদ জানিয়েছে অনেকেই।

সেবা নিতে আসা রাজিয়া খাতুন, আবুল হাসেম, আচিয়া খাতুন জানান, আমরা গরীব মানুষ। ঢাকায় গিয়ে এই ধরণের চিকিৎসা নেওয়ার সামর্থ আমাদের নেই। মেহেরপুরের শ্যামপুরে বিশেষজ্ঞ ডাক্তারের সেবা পেয়ে আমরা অত্যন্ত খুশি।

এসেছিলেন এশিয়া মহাদেশের সুনাম ধণ্য ডাক্তার প্রফেসর কাজী দ্বীন মহাম্মদ। এ সময় তিনি বলেন সেবাই ধর্ম, মানুষ মানুষের জন্য। মেহেরপুরের সাধারণ মানুষকে চিকিৎসা সেবা দিতে পেরে আমি খুশি।

এই স্বাথ্য সেবার আয়োজক লে. কর্ণেল (অব) আব্দুল ওয়াহাব বলেন, আমি মেহেরপুরের ছেলে। এখানকার মানুষের সাথে আমার অত্মার সম্পর্ক। আমি তাদের এই সামান্য সেবা দিতে পেরে অনেক খুশি।

অনেকেই আছে যারা টাকার অভাবে ভালো সেবা পাইনা। সেসব মানুষ এখানে এসে বিশেষজ্ঞদের পরামর্শ নিতে পারছে, তাদের ওষুধ লিখে দেওয়া হচ্ছে। সেই সাথে যাদের অবস্থা সংকটজনক তাদের ঢাকায় নিয়ে চিকিৎসা দেওয়া হবে। এছাড়াও ভবিষ্যতে এই শ্যামপুরেই গড়ে তোলা হবে আধুনিক ব্যবস্থা। যেখানে বসে আমাদের সাথে সরাসরি চিকিৎসা সেবা নিতে

পারবে।

ফ্রি মেডিক্যাল ক্যাম্পে প্রচার ও সার্বিক সহযোগীতায় জিম ফা্র্মেসীর প্রোপাইটার শরিফ রেজা পান্না।

মেপ্র/এমএফআর

কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদায় আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদায় ও নানা কর্মসূচির মধ্য দিয়ে পালিত হচ্ছে আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস। একুশের প্রথম প্রহরে উপজেলা প্রশাসনের আয়োজনে স্থানীয় সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে অবস্থিত উপজেলা কেন্দ্রীয় শহীদ মিনারে হাজারো মানুষের সুনশান নিরবতা ভেঙ্গে রাত ০০.১ মিনিটে ফুলের শ্রদ্ধাঞ্জলি নিবেদনের মধ্য দিয়ে দিবসটি পালন শুরু করা হয়।

প্রথম প্রহরে শহীদ বেদীতে ভাষা শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন ও পুষ্পমাল্য অর্পণ করেন ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খান চঞ্চল। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, উপজেলা নির্বাহী অফিসার নাজনীন সুলতানা, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, পৌর মেয়র জাহিদুল ইসলাম, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকিসহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান।

এরপর উপজেলা প্রশাসন, উপজেলা পরিষদ এবং একে একে বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠান, প্রেসক্লাবসহ সর্বস্তরের মানুষ শহীদ বেদীতে পুষ্পমাল্য অর্পণ করেন। এসময় ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা আর একুশের চেতনা বাস্তবায়নের শপথ ও

দোয়া করা হয়।

উপজেলা প্রশাসনের আয়োজনে মহান শহীদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উদ্যাপন উপলক্ষে সকাল ৮টায় উপজেলা পরিষদ চত্তর থেকে প্রভাতফে রী বের করা হয়।

প্রভাতফেরী র্যালীটি শহরের প্রধাণ প্রধাণ সড়ক প্রদক্ষিণ শেষে সরকারি মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে শেষ হয়। এতে উপজেলা চেয়ারম্যান, নির্বাহী অফিসার, প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, বিভিন্ন রাজনৈতিক, সামাজিক সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠান, ফায়ার সার্ভিস, রোভার স্কাউট, ইসলামী ব্যাংক সহ নানা শ্রেণী- পেশার মানুষ অংশ নেন।

পরে আলোচনা সভা, চিত্রাঙ্কন প্রতিযোগীতা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বই মেলাসহ বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়।

গাংনীতে মাংস বিক্রেতার জরিমানা

গাংনীতে সরকার নির্ধারিত মূল্যের বেশি দরে মাংস বিক্রি করার অপরাধে গাংনী বাজারের মাংস ব্যবসায়ী আলমগীর হোসেন ও মিলন হোসেনের কাছ থেকে চার হাজার টাকা জরিমানা আদায় করেছেন ভ্রাম্যমাণ আদালত।

আজ শুক্রবার সকাল সাড়ে ১০টার দিকে এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন গাংনী উপজেলা সহকারি কমিশনার (ভূমি) মোহাম্মদ ইয়ানুর রহমান। ভ্রাম্যমান আদালত পরিচালনাকারি নির্বাহী ম্যাজিস্ট্রেট ইয়ানুর রহমান জানান, গাংনী বাজারের মাংস ব্যাবসায়ীরা ৫০০ টাকার পরিবর্তে ৫৫০ টাকা দরে মাংস বিক্রি করছিলেন।

ক্রেতারা অভিযোগ দিলে তাদের হাতেনাতে প্রমানিত হওয়ায় উক্ত ব্যাবসায়ীদের শতর্কমুলক জরিমানা করা হয়েছে।
ভোক্তা অধিকার আইনে তিনি এ জরিমানা আদায় করেন।

মেপ্র/আরজেএম

গাংনীতে বিনম্র শ্রদ্ধায় ভাষা শহীদদের স্মরণ করেছেন বিভিন্ন শ্রেনীপেশার মানুষ ।

মহান একুশে ফেব্রুয়ারী ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে গাংনীতে শ্রদ্ধায় ভাষা শহীদদের স্মরণ করা হচ্ছে।
গাংনী উপজেলা শহীদ মিনারে ফুল দিয়ে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানানোর পাশাপাশি নানা কর্মসূচির মধ্য দিয়ে গর্ব আর শোকের এ দিনটি পালন করছে গাংনী উপজেলাবাসী।

যে ভাষার বুকের কাছে মগ্ন আছে বাঙালির অঙ্গীকার, সেই ভাষার দিনে বেদনা আর গর্ব নিয়ে সব পথ যেন এক হয়েছে শহীদ মিনারে।
প্রভাত ফেরির পথে পথে কণ্ঠে কণ্ঠে চলছে সেই গান ‘আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি…।

দলমত, ধর্ম-বর্ণ, সম্প্রদায় নির্বিশেষে হাজারও মানুষ মাতৃভাষার মর্যাদা রক্ষার অকুতোভয় শহীদদের প্রতি ফুলেল শ্রদ্ধা জানিয়েছে প্রথম প্রহর থেকে। শুক্রবার (২১ ফেব্রুয়ারি) দিবসের প্রথম প্রহরে গাংনী উপজেলা পরিষদ শহীদ মিনারের বেদীতে ফুল দিয়ে শ্রদ্ধা

জানিয়েছেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান

খোকন,উপজেলা পরিষদ চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক,উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান,গাংনী পৌর মেয়র আশরাফুল

ইসলাম,সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, গাংনী থানার ওসি ওবাইদুর রহমান. গাংনী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এ্যাডঃ রাশিদুল ইসলাম জুয়েল, মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন,গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের টিএইসএ ডাক্তার রিয়াজুল ইসলাম, মেহেরপুর পল্লী বিদ্যুতের গাংনী জোনাল অফিসের ডিজিএম নিরাপদ দাস, গাংনী প্রেসক্লাবের সভাপতি

রমজান আলী। এসময় গাংনী উপজেলা যুবলীগের পক্ষে পুস্পমাল্য অর্পণ করেন উপজেলা যুবলীগ সভাপতি মোশারফ হোসেন।

পৌর আয়ামীলীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, উপজেলা ছাত্রলীগের পক্ষে তোহিদুল ইসলাম শহীদ মিনারে পুস্পমাল্য অর্পণ করেন, এছাড়াও বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও পেশাজীবী সংগঠনের পক্ষ থেকে পুষ্প্যমাল্য অর্পণ করেন। একই সাথে গাংনীর সাহারবকাটি ইউনিয়ন পরিষদসহ সকল ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে দিবসটি যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন করা হচ্ছে।

পুস্পমাল্য অর্পন শেষে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নিরাবতা পালন করা হয়েছে। এসময় বিশেষ দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়েছে।

এছাড়া বিভিন্ন সরকারি ও বিভিন্ন সামজিক-সাংস্কৃতিক সংগঠন দিবসটির তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা, চিত্রাংকন ও বাংলা ভাষায় হাতের লেখা প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেছে উপজেলা প্রশাসন।

মেপ্র/আরজেএম

একুশের প্রথম প্রহরে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি

আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি.. ভাষার জন্য রক্ত দেওয়ার সে ঋণ কোন দিন ভুলবার নয়। একুশের প্রথম প্রহরে সেই সকল ভাষাশহীদ প্রতি শ্রদ্ধাঞ্জলি জানাতে ঢল নামে মেহেপুরের ড. শহীদ সামসুজ্জোহা পার্কের কেন্দ্রীয় শহীদ মিনারে।
রাত ১১টার পর থেকেই শ্রদ্ধাঞ্জলি নিবেদন করার জন্য পার্কে জড়ো হয় রাজনৈতিক, সংগঠনসহ বিভিণ্ন প্রতিষ্ঠানের কর্মকর্তারা। একুশের প্রথম প্রহরে প্রথমেই শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি। তারপরপরই জেলা প্রশাসক মো: আতাউল গনি, পুলিশ সুপার এস এম মুরাদ আলী, জেলা পরিষদ চেয়ারম্যান গোলাম রসুল, পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম। পরে একে একে রাজনৈতিক ও বিভিণ্ন প্রতিষ্ঠান ও সংগঠনের পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। পরে জেলা আওয়ামীলীগ, জেলা যুব লীগ, জেলা স্বেচ্ছাসেবকলীগ, জেলা কৃষকলীগ, জেলা ছাত্রলীগ, জেলা যুব মহিলা লীগ, মেহেরপুর ছহিউদ্দিন ডিগ্রি কলেজ, মেহেরপুর জেলা সমবায় অফিস, এলজিইডি মেহেরপুর, জেলা শিল্পকলা একাডেমীসহ বিভিন্ন সংগঠন ও শ্রেণী পেশার মানুষ শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।
এদিকে জেলা যুবলীগের এক নম্বর যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশানের শহীদ মিনার প্রাঙ্গনে উপস্থিত থাকলেও তাকে বাদ দিয়ে ২ নম্বর যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুলের নাম ঘোষনা করায় যুবলীগের নেতাকর্মীরা ক্ষোভ প্রকাশ করেন এবং উপস্থাপক সাইদুর রহমানের উপর চড়াও হন। এনিয়ে যুবলীগ নেতাকর্মীদের মনে অসন্তোষ বিরাজ করে। সবশেষে জেলা বিএনপির পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।
শ্রদ্ধঞ্জলি নিবেদন করতে মেহেরপুরের বিভিন্ন প্রাণÍ থেকে মানুষ এসে পার্কে ভিড় জমায়। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশের কয়েকটি স্তরে নিরাপত্তা ব্যবস্থা ছিল।

গাংনী প্রতিনিধি এ সিদ্দিকী শাহীন জানান, মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, ইউএনও দিলারা রহমান, কৃষি অফিসার কেএম সাহাবুদ্দিন আহমেদ,

ইসলাম,তাপস রশিদ,প্রমুখ।

জনপ্রশাসন প্রতিমন্ত্রীকে কটুক্তি করায় মুজিবনগরে বিক্ষোভ

জনপ্রশাসন মন্ত্রালয়ের প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি অধ্যাপক ফরহাদ হোসেন এমপিকে নিয়ে কটুক্তি,মিথ্যা ও বিভ্রান্তমূলক বক্তব্য দেওয়ার প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা করেছে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ।

বৃহস্প্রতিবার বিকালে এ উপলক্ষে কেদারগন্জ বাজার প্রাঙ্গনে এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। উক্ত প্রতিবাদ সভায় মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলুর সভাপতিত্বে বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা যুবলীগের সাধারন সম্পাদক কামরুল হাসান চাদু,মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ,

দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ানম্যান তৌফিকুল বারী বকুল, মোনাখালী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম রফা গাইন, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাকিন হক খোকন,সাধারন সম্পাদক মঈনুল হাসান,মুজিবনগর উপজেলা কৃষকলীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারন সম্পাদক মনিরুজ্জামান টিটু,

মুজিবনগর উপজেলা যুবমহিলালীগের সভাপতি তোকলিমা খাতুন,সাধারন সম্পাদক তহমিনা খাতুন,জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধন, মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দীন লাভলু, সাধারন সম্পাদক শেখ সাকিব, মুজিবনগর সরকারী ডিগ্রি কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি সাহওলিউল্লাহ সোহাগ।

প্রতিবাদ সভা শেষে আমাম হোসেন মিলুর নেতৃত্বে এক বিক্ষোভ মিছিল বের করা হয়।বিক্ষোভ মিছিলটি কেদারগন্জ বাজার থেকে শুরু হয়ে

বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে। এ সময় উপজেলা আওয়ামীলীগের বিভিন্ন নেতাকর্মিরা উক্ত বিক্ষোভ মিছিলে অংশ নেন।

মেপ্র/আজেএম